Race Equality Foundation

ইংল্যান্ডের জন্য লোকাল কোভিড অ্যালার্ট লেভেল

ওয়েলস, স্কটল্যান্ড, এবং নর্দার্ন আয়ারল্যান্ডের জন্য নির্দেশনাটি দেখুন

সূচীপত্র

- স্থানীয় কোভিড অ্যালার্ট লেভেল বলতে কী বুঝায়
- সরকার কেন লোকাল কোভিড অ্যালার্ট লেভেল চালু করছে
- লোকাল কোভিড অ্যালার্ট লেভেলঃ মিডিয়াম (টায়ার ১)
- লোকাল কোভিড অ্যালার্ট লেভেলঃ: হাই (টায়ার ২)
- লোকাল কোভিড অ্যালার্ট লেভেলঃ ভেরি হাই (টায়ার ৩)

লোকাল কোভিড অ্যালার্ট লেভেল বলতে কী বুঝায়

বিভিন্ন এলাকাতে নতুনভাবে করোনাভাইরাসের প্রাদুর্ভাব সামাল দেবার জন্য সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষ, বাসিন্দা ও কর্মীদের করণীয় কী সে ব্যাপারে লোকাল কোভিড অ্যালার্ট তথ্য প্রদান করে। এসব অ্যালার্ট লেভেলগুলোকে মাঝে মধ্যে টিয়ার হিসেবে চিহ্নিত করা হয়।

ইংল্যান্ডে চিকিৎসাগতভাবে মারাত্মক ঝুঁকিতে থাকা লোকজন করোনাভাইরাসের ঝুঁকি হ্রাসকল্পে সাহায্যের জন্য নতুন নির্দেশনা পাবেন যেটি তারা যেসব এলাকাতে বসবাস করেন সেই অনুযায়ী করা হয়েছে। এই তালিকার মধ্যে ডিমেনশিয়া অন্তর্ভুক্ত নয় তবে তথ্য প্রমাণে দেখা যায় ডিমেনশিয়া থাকা লোকজন ভাইরাসে আক্রান্ত হবার উচ্চ ঝুঁকিতে রয়েছেন। আপনার পরিচিত কারোর ডিমেনশিয়া থাকলে তারা যদি এই নির্দেশনাটি মেনে চলেন তাহলে সেটি তাদের উপকারে আসবে।

এই নির্দেশনাটি লোকাল কোভিড অ্যালার্ট লেভেল ফ্রেমওয়ার্কের সাথে যুক্ত, এর মানে হল যেহেতু করোনাভাইরাসের সংক্রমণের হার বেড়েই চলেছে সেজন্য এই ভাইরাসের সংক্রমণে যারা অসুস্থ হয়ে পড়ার উচ্চ ঝুঁকিতে রয়েছেন তারা তাদের স্থানীয় এলাকার জন্য প্রযোজ্য লেভেল অনুসারে সুনির্দিষ্ট পরামর্শ লাভ করবেন।

সরকার কেন লোকাল কোভিড অ্যালার্ট লেভেল চালু করছে

সরকার তিন পর্যায়ের লোকাল কোভিড অ্যালার্ট লেভেল চালু করেছে যাতে করে স্থানীয় করোনাভাইরাসের প্রাদুর্ভাব সামাল দেবার জন্য সঠিক মাত্রার হস্তক্ষেপ করা যায়।

লোকাল কোভিড অ্যালার্ট লেভেল: মিডিয়াম (টায়ার (১)

এটি হলো সেসব এলাকার জন্য প্রযোজ্য যেখানে স্থানীয় বিধি নিষেধের পাশাপাশি জাতীয় পর্যায়ের বিধিনিষেধও মেনে চলার বাধ্যবাধকতা অব্যাহত থাকবে।

এর মানে হলোঃ

- আপনি যদি একটি গ্রুপে বসবাস না করেন (বা আপনি যদি একটি সাপোর্ট বাবলে না থাকেন) তাহলে আপনি সর্বোচ্চ ৬ জনের একটি দলের সাথে দেখা সাক্ষাত করতে পারবেন সেটি অভ্যন্তরীণ বা বাইরের যে কোন স্থানে (আপনার বাসা সহ)। এটিকে বলা হয় 'রুল অফ সিক্স' এবং এটি অবশ্যই মেনে চলতে হবে কারণ এটিই আইন।
- রেস্টুরেন্ট, কফিশপ এবং পাবগুলোকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে গ্রাহকরা শুধুমাত্র আসন গ্রহণ করেই তাদের খাবার খাবেন এবং পান করবেন, এবং তারা রাত ১০টা থেকে সকাল ৫টা পর্যন্ত অবশ্যই বন্ধ থাকবে।
- যেসব ব্যবসা প্রতিষ্ঠান বা ভেন্যু টেকওয়ে খাবার বিক্রি করে যেটি বাইরে নিয়ে খাওয়া যায় তারা রাত ১০টার পরেও সেটি চালিয়ে যেতে পারবেন তবে সেটি হতে হবে একটি ডেলিভারি সার্ভিস, ক্লিক এন্ড কালেক্ট বা ড্রাইভ থ্রু সার্ভিস।
- স্কুল ও বিশ্ববিদ্যালয়সমূহ খোলা থাকবে
- উপাসনালয়গুলো খোলা থাকবে এবং তাদেরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তারা যেন রুল অফ ৬ এর বিধিনিষেধ মেনে চলেন।
- বিয়ে ও অন্তোষ্টিক্রিয়ার আয়োজন করা যাবে তবে সেখানে কতজন অংশগ্রহণ করতে পারবেন সেটি নিয়ন্ত্রিত থাকবে
- রুল অফ ৬ অনুসরণ পূর্বক ব্যায়ামের ক্লাস এবং খেলাধুলার আয়োজন অব্যাহত রাখা যাবে সেটি অভ্যন্তরীণ বা বাইরে যেখানেই হোক না কেন

আপনাকে অবশ্যই:

- ফেস কভারিং পরার বাধ্যবাধকতা থাকা স্থানগুলোতে ফেস কভারিং পরতে হবে (যদি আপনি অব্যাহতিপ্রাপ্ত না হন), এর মধ্যে অন্তর্ভুক্ত হল রেস্টুরেন্ট, কফিশপ ও পাবে প্রবেশ, বের হওয়া ও ভেতরে ঘোরাফেরার সময়

আপনি যেটি অব্যাহত রাখবেনঃ

- সামাজিক দূরত্ব বজায় রাখার বিধিনিষেধ মেনে চলুন
- যেখানে সম্ভব বাসা থেকে কাজ করুন
- ভ্রমণের সময় ভিড়ের সময় ও রুটগুলো এড়িয়ে চলা

কোভিড-১৯ এর সংক্রমণ রোধ করতে মিডিয়াম অ্যালার্ট লেভেলের এলাকার জন্য প্রযোজ্য পদক্ষেপগুলো সম্পর্কে আরও জানুন

লোকাল কোভিড অ্যালার্ট লেভেল: হাই (টায়ার ২)

উচ্চ মাত্রায় সংক্রমিত এলাকার জন্য এটি প্রযোজ্য যেখানে বাড়তি কিছু বিধিনিষেধ আরোপ করা হয়।

এর মানে হল উপরে বর্ণীত মিডিয়াম লেভেলের জন্য প্রযোজ্য বিধিনিষেধের পাশাপাশি নিম্নোক্তগুলোও মেনে চলতে হবেঃ

- কোন আভ্যন্তরীণ স্থানে আপনার বাসাবাড়ির বা সাপোর্ট বাবলের বাইরে কারো সাথে আপনি সামাজিকভাবে মেলামেশা করবেন না সেটি বাসা বা সাধারণের ব্যবহারের জায়গা যেখানেই হোক না কেন।
- বাইরে আপনি ৬ জনের বেশী একটি দলের সাথে সামাজিকভাবে মেলামেশা করবেন না, এর মধ্যে বাগান বা অন্যান্য স্থানও রয়েছ যেমন সাগর পাড় বা পার্ক (যদি আইনগতভাবে সুনির্দিষ্ট অন্য কোন ব্যতিক্রম না থাকে)
- স্কুল, বিশ্ববিদ্যালয় ও উপাসনালয়গুলো খোলা থাকবে
- বিয়ে ও অন্তোষ্টিক্রিয়া অনুষ্ঠিত হতে পারবে তবে সেখানে কতজন লোক অংশগ্রহণ করতে পারবেন সে ব্যাপারে বিধি নিষেধ রয়েছে
- বাইরে ব্যায়ামের ক্লাস ও পরিকল্পিত খেলাধুলার আয়োজন করা যাবে। এগুলো শুধুমাত্র তখনই অভ্যন্তরীণ কোন স্থানে আয়োজন করা যাবে যদি একসাথে বসবাস করেন না বা একই সাপোর্ট বাবলের অন্তর্ভুক্ত নন এমন লোকজনের সাথে মেলামেশা এড়িয়ে চলা যায় তাহলেই বা খেলাটি যদি ইয়ুথ বা ডিসএবিলিটি সংশ্লিষ্ট হয়
- কাজ ও লেখাপড়ার জন্য খোলা থাকা কোনো ভেন্যু বা সুযোগ সুবিধার জন্য আপনি এখনও যেতে পারেন তবে সম্ভব হলে ভ্রমণ সংখ্যা সীমিত করবেন

আপনাকে অবশ্যইঃ

- ফেস কভারিং পরার বাধ্যবাধকতা থাকা স্থানগুলোতে ফেস কভারিং পরুন(যদি আপনি অব্যাহতিপ্রাপ্ত না হন), এর মধ্যে অন্তর্ভুক্ত হল রেস্টুরেন্ট, কফিশপ ও পাব প্রবেশ, বের হওয়া ও ভেতরে ঘোরাফেরার সময়

আপনাকে নিম্নোক্তগুলো মেনে চলা অব্যাহত রাখতে হবেঃ

- সামাজিক দূরত্ব বজায় রাখার বিধিনিষেধ মেনে চলুন

- যেখানে সম্ভব বাসা থেকে কাজ করুন
- ভ্রমণকালে ভিড়ের সময় ও রুটগুলো এড়িয়ে চলা

কোভিড-১৯ এর সংক্রমণ রোধে সাহায্যের জন্য হাই অ্যালার্ট লেভেল এলাকার জন্য প্রযোজ্য পদক্ষেপগুলো সম্পর্কে আরও জানুন

লোকাল কোভিড অ্যালার্ট লেভেলঃ ভেরি হাই (টায়ার ৩)

অতি উচ্চমাত্রায় সংক্রমিত এলাকার জন্য এটি প্রযোজ্য এবং এসব এলাকাগুলোতে কঠোর বিধিনিষেধ আরোপ করা হয়। অতি উচ্চমাত্রায় সংক্রমিত এলাকাগুলোতে থাকা বিধিনিষেধের ক্ষেত্রে ভিন্নতা থাকতে পারে কারণ এটি স্থানীয় সরকার ও কেন্দ্রীয় সরকারের মধ্যে আলোচনার উপর ভিত্তি করে নির্ধারণ করা হয়। এজন্য আপনার উচিত হবে আপনার এলাকার জন্য প্রযোজ্য বিধিনিষেধ জেনে নেয়া।

এর মানে হলোঃ

- কোন আভ্যন্তরীণ স্থানে আপনার বাসাবাড়ির বা সাপোর্ট বাবলের বাইরে কারো সাথে আপনি সামাজিকভাবে মেলামেশা করবেন না সেটি অভ্যন্তরীণ স্থানে, ব্যক্তিগত বাগানে বা অধিকাংশ বাইরের ভেন্যুগুলোর ক্ষেত্রে প্রযোজ্য
- বাইরে আপনি ৬ জনের বেশী একটি দলের সাথে সামাজিকভাবে মেলামেশা করবেন না, এর মধ্যে বাগান বা অন্যান্য স্থানও রয়েছ যেমন সাগর পাড় বা পার্ক, গ্রামাঞ্চল বা কান্ট্রিসাইড, পাবলিক গার্ডেন বা স্পোর্টস ভেন্যু।
- পাব ও বারগুলো অবশ্যই বন্ধ থাকবে। এগুলো শুধুমাত্র তখনই খোলা থাকতে পারবে যদি এটি একটি রেস্টুরেন্ট হয়ে থাকে, খাবার পরিবেশন করে যেমন দুপুর বা রাতের খাবার। তারা শুধুমাত্র এসব খাবারের অংশ হিসেবে অ্যালকোহল বিক্রি করতে পারবে
- স্কুল ও বিশ্ববিদ্যালয়গুলো বন্ধ থাকবে
- উপাসনালয়গুলো খোলা থাকবে কিন্তু বিভিন্ন বাসাবাড়ির লোকজন একসাথে হতে পারবেন না
- বিয়ে ও অন্ত্যেষ্টিক্রিয়া অনুষ্ঠান চলবে কিন্তু কতজন অংশগ্রহণ করতে পারবে তার উপর বিধিনিষেধ থাকবে এবং বিয়ের রিসেপশনের আয়োজন করা যাবে না
- বাইরে ব্যায়ামের ক্লাস ও পরিকল্পিত খেলাধুলার আয়োজন করা যাবে। এগুলো শুধুমাত্র তখনই অভ্যন্তরীণ কোন স্থানে আয়োজন করা যাবে যদি একসাথে বসবাস করেন না (বা একই সাপোর্ট বাবলের অন্তর্ভুক্ত নন) এমন লোকজনের সাথে মেলামেশা এড়িয়ে চলা যায় তাহলেই বা খেলাটি যদি ইয়ুথ বা ডিসএবিলিটি সংশ্লিষ্ট হয়।
- আপনি ভেরি হাই অ্যালার্ট লেভেল এলাকার মধ্যে থাকলে বাইরে ভ্রমণ করা এড়িয়ে চলার চেষ্টা করবেন বা আপনি হাই অ্যালার্ট লেভেল একটি এলাকার মধ্যে প্রবেশ করবেন না যদি না কাজ, লেখাপড়া বা ইয়ুথ সার্ভিস, কাউকে সেবা দানের কাজে বা আপনার একটি দীর্ঘ যাত্রার অংশ হিসেবে এই এলাকাটির মধ্যে দিয়ে যাবার দরকার না হয়।

- আপনি যদি ভেরি হাই অ্যালার্ট লেভেল একটি এলাকায় বসবাস করেন তাহলে ইউকের অন্য আরেকটি এলাকাতে রাত্রি যাপন করা এড়িয়ে চলবেন বা আপনি অন্য এলাকার বাসিন্দা হলে ভেরি হাই অ্যালার্ট লেভেলের একটি এলাকাতে রাত্রি যাপন করবেন না।

আপনাকে অবশ্যইঃ

- যেখানে প্রয়োজন সেসব এলাকাতে একটি ফেস কভারিং পরতে হবে

আপনি নিম্নোক্তগুলো মেনে চলা অব্যাহত রাখবেনঃ

- সামাজিক দূরত্ব বজায় রাখার বিধিনিষেধ মেনে চলুন
- যেখানে সম্ভব বাসা থেকে কাজ করুন
- ভ্রমণকালে ভিড়ের সময় ও রুটগুলো এড়িয়ে চলা

ভেরি হাই অ্যালার্ট লেভেল এলাকার জন্য এটি একটি প্রাথমিক বিধিনিষেধ। করোনাভাইরাসের বিস্তার হ্রাসে সরকার স্থানীয় কর্তৃপক্ষগুলোর সাথে আলোচনা করে বাড়তি বিধিনিষেধ আরোপ করতে পারে। আপনার উচিত হবে আপনার এলাকায় বাড়তি কোনো বিধিনিষেধ আরোপ করা হয়েছে কিনা সেটি খুঁজে দেখা।

করোনাভাইরাসের বিস্তার হ্রাস করতে সাহায্যের জন্য ভেরি হাই অ্যালার্ট এলাকার জন্য প্রযোজ্য পদক্ষেপগুলো সম্পর্কে আরও জানুন।

আরও তথ্যের জন্য অনুগ্রহ পূর্বক সরকারের ওয়েবসাইটটি দেখুন https://www.gov.uk/coronavirus

যেসব লোক চিকিৎসাগতভাবে অত্যন্ত ঝুঁকিতে রয়েছেন তাদের জন্য প্রদত্ত পরামর্শগুলো দেখুন https://www.gov.uk/government/news/clinically-extremely-vulnerable-receive-updated-advice-tailored-to-local-covid-alert-levels